গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মতলব দক্ষিণ, চাঁদপুর।

## ১৪৩২-১৪৩৪ বাংলা সনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মতলব দক্ষিণ উপজেলাধীন নিম্ন তালিকায় উল্লিখিত জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ০৩ (তিন) বছরের জন্য (১৪৩২-৩৪ বাংলা সন) পর্যন্ত ইজারা প্রদান করা হবে। এজন্য ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৭-১২-২০২৪ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৯৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক **অনলাইনে** ইজারার আবেদন দাখিল করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.land.gov.bd অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩১ সনের আগামী ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে (১৫.০১.২০২৫ খ্রি: হতে ২৮.০১.২০২৫ খ্রি: তারিখ) অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

| ক্র. নং | গৃহীত কার্যক্রম | তারিখ ও সময় |
|---|---|---|
| ১ | অনলাইনে আবেদন দাখিল | ১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে (১৫.০১.২০২৫ খ্রি: হতে ২৮.০১.২০২৫ খ্রি: তারিখ) |
| ২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব দক্ষিণ, চাঁদপুরে দাখিল | ২৮ জানুয়ারী ২০২৫ এর পর পরবর্তী ০৩ কার্যদিবস অর্থ্যাৎ ২৯ জানুয়ারী, ৩০ জানুয়ারী, ০২ ফেব্রুয়ারী (৩১ জানুয়ারী শুক্রবার ও ০১ ফেব্রুয়ারী শনিবার সাপ্তাহিক ছুটি হওয়ায়) |

### ইজারাযোগ্য জলমহাল

| ইউনিয়নের নাম | জলমহালের নাম | বিগত তিন বছরের ইজারা মূল্য (৫% বৃদ্ধিসহ | দরপত্র /সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | জলমহালের তফসিল |
|---|---|---|---|---|
| ৪ নং নারায়ণপুর ইউনিয়ন | পূরণ খাস দিঘী | ৪২,০০০/- | ৫০০/- | মৌজা: ২১৮ নং পূরণ, সাবেক দাগ: ৬৭, হাল দাগ: ২৩৫, পরিমাণ:১.৯৭০০ একর |
| | পূরণ খাস পুকুর | ২২,০৫০/- | ৫০০/- | মৌজা: ২১৮ নং পূরণ, সাবেক দাগ: ১০০, হাল দাগ:৩২৪, পরিমাণ: .৪৫০০ একর |
| | লেকোটা খাস পুকুর | ১,৯৯,৫০০/- | ৫০০/- | মৌজা: ২০৭ নং লেকোটা, খতিয়ান নং: ১, দাগ নং: ১৬২, পরিমান: ২.৭৪০০ একর |
| | নাদিমখাঁর খাস দিঘী (প্রকাশ্য বাড়ৈইগাঁও পুকুর) | ৬,৮২,৫০০/- | ৫০০/- | মৌজা: ১৮৯ নং বাড়ৈগাঁও, খতিয়ান নং: ১, দাগ নং: ১৪২৫, পরিমানঃ ১১.৭৯০০ একর |
| ০২ নং নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়ন | খিদিরপুর দিঘী (খিদিরপুর পুকুর) | ১,৪১,৭৫০/- | ৫০০/- | মৌজা: ১৭৪ নং খিদিরপুর, খতিয়ান নং: ১, হাল দাগ: ২৮৮, পরিমান: ১.৪৯০০ একর |

১। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/যুব মৎস্যজীবী সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

৪। দরপত্রের সাথে প্রদত্ত দরের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে (যে কোন তফছিলি ব্যাংক থেকে) উপজেলা নির্বাহী অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর বরাবরে দাখিল করতে হবে।

৫। জলমহাল ইজারা কমিটি কর্তৃক অনুমোদনক্রমে সর্বোচ্চ দরপত্র গ্রহণ করা হবে।

৬। দরপত্রে উল্লেখিত অর্থের এক বছরের ইজারামূল্যের ৫০% অর্থ ইজারা গ্রহন করার সাথে সাথে জমা দিতে হবে বাকী ৫০% অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ৫০% অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৭। অনুমোদিত দরদাতা সমিতিকে সরকারী বিধি মোতাবেক স্থিরকৃত মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর প্রদান করতে হবে।

৮। দরদাতা মৎসজীবি সমবায় সমিতিগুলোকে অবশ্যই নিবন্ধনকৃত সনদপত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯। দরদাতা মৎসজীবি সমবায় সমিতিগুলোর কোন সদস্যের নিকট কোন ঋণ প্রদানকারী সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণের খেলাপী টাকা পাওনা থাকলে তাদের দরপত্র বিবেচনা করা হবে না।

১০। জলমহাল ইজারা আবেদন করার ক্ষেত্রে ৫০০/- টাকা অফেরতযোগ্য নির্দিষ্ট ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে।

১১। ইজারা মূল্যের এক বছরের অর্থ, মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর এর অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারাদার সমিতিকে ৩০০/= (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতীত দখল দেয়া যাবে না।

১২। ইজারাকৃত জলমহাল কোনভাবেই সাব-লিজ দেয়া যাবে না। সাব লীজ কিংবা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৩। জলমহালসমূহ রক্ষণাবেক্ষণের দায়িত্ব ইজারাদারের এবং জলমহালের কোন প্রকার ক্ষতির জন্য ইজারাদার দায়ী থাকবেন।

১৪। ইজারা মেয়াদের দ্বিতীয় বছর এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বেই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়সূচী অনুযায়ী ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল হবে এবং জলমহাল নতুন করে ইজারা দেয়া ও অন্যান্য আইনানুগ ব্যাবস্থা গ্রহণ করা হবে।

১৫। জলমহাল সুষ্ঠুভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হবে।

১৬। সরকার হতে প্রাপ্ত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশনাবলী সংশ্লিষ্ট সকলকে মেনে চলতে হবে।

১৭। ইজারা কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০১/২০২৫

(ফাতিমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মতলব দক্ষিণ, চাঁদপুর।

স্মারক নং- ০৫.৪২.১৩৭৬.০০.০৬.১৮.২৫- ০৬

তারিখ: ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারী ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য:

১) জেলা প্রশাসক, চাঁদপুর।

২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁদপুর।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

৩) উপজেলা.........................................................অফিসার (সকল), মতলব দক্ষিণ, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

৪) চেয়ারম্যান/মেয়র.......................................................(সকল) ইউ.পি, মতলব দক্ষিণ, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণক্রমে এস.আর ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৫) ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা,......................................................(সকল) পৌর/ইউনিয়ন ভূমি অফিস, মতলব দক্ষিণ, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারক্রমে এস.আর ফেরৎ প্রদানের জন্য বলা হলো।

৬) অফিস কপি।

১১/০৩/২০২৫

(জাবেদ হোসেন চৌধুরী)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মতলব দক্ষিণ, চাঁদপুর।